গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়
নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়
ডাকঘর : নোয়াখালী, উপজেলা- সদর, জেলা : নোয়াখালী। ফোন : ০২৩৩৪৪৯১৫৯৮
বিদ্যালয় কোড-৬০০৪, কেন্দ্র: নোয়াখালী-২, কেন্দ্র কোড-৫০১, ইআইআইএন নং-১০৭৫৪২, e-mail:ngghschool@gmail.com

তারিখঃ ১৮/১২/২০২৪খ্রি.

## ২০২৫ শিক্ষাবর্ষে ভর্তির জন্য নির্বাচিত ছাত্রীদের ভর্তি সংক্রান্ত তথ্যাবলি

১. ১৭/১২/২০২৪ তারিখে অনুষ্ঠিত ডিজিটাল লটারির মাধ্যমে নির্বাচিত ছাত্রীদের লটারিতে প্রাপ্ত নির্ধারিত শাখা ও শিফটে ভর্তি হতে হবে, **কোন ক্রমেই শিফট পরিবর্তন করা যাবে না।**

২. নির্বাচিত ছাত্রীদের আগামী **১৯/১২/২০২৪** খ্রি. প্রয়োজনীয় কাগজপত্র জমা নেয়া হবে। (সকাল ১০.০০টা হতে বিকাল ২.০০ টা)
৫ম প্রভাতী, সুফিয়া কামাল ভবন ১৫,১৬ নং কক্ষ ও ৬ষ্ঠ প্রভাতী শামসুন্নাহার ভবনের ১,২ নং কক্ষ।
৫ম দিবা, বেগম রোকেয়া ভবন ৯,১০ নং কক্ষ ও ৬ষ্ঠ দিবা শামসুন্নাহার ভবনের ৪,৫।

**প্রয়োজনীয় কাগজপত্রঃ**

ক. পূর্বে অধ্যয়নরত বিদ্যালয়ের ছাড়পত্র(টি.সি.)/ প্রশংসাপত্র।
খ. অনলাইন জন্মনিবন্ধন সনদের ফটোকপি ১টি
গ. অনলাইন জন্ম নিবন্ধন সনদের ভেরিফাই কপি ১টি।
ঘ. অনলাইন ভর্তি নির্বাচনের ফলাফলের কপি ১টি।
ঙ. ভর্তির আবেদনপত্রের কপি (Applicant Copy)।
চ. পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের/অনলাইন জন্মনিবন্ধন সনদের ফটোকপি ১ টি করে (মূল কপি প্রদর্শন করতে হবে)।

ছ. মুক্তিযোদ্ধা (FF) কোটায় নির্বাচিতদের **১৯/১২/২০২৪** খ্রি. বেলা ১১.০০ টায় শিক্ষার্থীসহ সাক্ষাৎকার (অতিরিক্ত জেলা প্রশাসক শিক্ষা ও আইসটি এর কক্ষে) অনুষ্ঠিত হবে। **প্রয়োজনীয় কাগজপত্রঃ** মুক্তিযোদ্ধা সনদ, আবেদনকারীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক সনদ (ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও জেলা/ উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার কর্তৃক প্রদত্ত), পিতা মুক্তিযোদ্ধা হলে পিতার এবং মাতা মুক্তিযোদ্ধা হলে মাতার জন্মনিবন্ধন ও জাতীয় পরিচয়পত্র(মূল কপি) নিয়ে আসতে হবে। সাক্ষাৎকারে কাগজপত্র যাচাই করে সঠিক পাওয়া গেলে **২২/১২/২০২৪** খ্রি. ভর্তি করা হবে। FF কোটায় নির্বাচিতরা সাক্ষাৎকারে অনুপস্থিত থাকলে তাহার ভর্তি নির্বাচন বাতিল হবে।

জ. প্রতিবন্ধী (DIS) কোটায় নির্বাচিতদের **১৯/১২/২০২৪**খ্রি. বেলা ১১.০০ টায় শিক্ষার্থীসহ সাক্ষাৎকার (অতিরিক্ত জেলা প্রশাসক শিক্ষা ও আইসটি এর কক্ষে) অনুষ্ঠিত হবে। সাক্ষাৎকারে আসতে প্রতিবন্ধী কোটায় (DIS) নির্বাচিতদের সমাজসেবা অধিদপ্তর হতে প্রত্যয়নপত্র আনতে হবে। সাক্ষাৎকারে কাগজপত্র যাচাই করে সঠিক পাওয়া গেলে **২২/১২/২০২৪** খ্রি. ভর্তি করা হবে। DIS কোটায় নির্বাচিতরা সাক্ষাৎকারে অনুপস্থিত থাকলে তাহার ভর্তি নির্বাচন বাতিল হবে।

ঝ. সহোদর ও জমজ (SIB) কোটা ভর্তির ক্ষেত্রে অধ্যয়নরত সহোদর ও জমজ বোনের প্রত্যয়নপত্রের কপি জমা দিতে হবে।

ঞ. শিক্ষা মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরতদের সন্তানদের (ME) কোটায় নির্বাচিতদের সংশ্লিষ্ট দপ্তর প্রধানের প্রত্যয়ন জমা দিতে হবে।

৩. নির্বাচিত ছাত্রীদের প্রয়োজনীয় কাগজপত্র সঠিক পাওয়া সাপেক্ষে **২২/১২/২০২৪** খ্রি. তারিখ (সকাল ১০.০০টা থেকে ২.০০টা) পূরণকৃত ভর্তি ফরম ও ফি জমা নেয়া হবে। (ফি ও ফরম জমা দিলেই ভর্তি প্রক্রিয়া সম্পন্ন বলে গন্য হবে।)

৪. নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি না হলে তাদের ভর্তি নির্বাচন বাতিল বলে গন্য হবে।

৫. সকল কাগজপত্রের মূল কপি দেখাতে হবে ও একসেট ফটোকপি জমা দিতে হবে।

৬. আসন শূন্য থাকা সাপেক্ষে অপেক্ষমান তালিকা প্রকাশ **২৩/১২/২০২৪** খ্রি. বিকাল ৪.০০টায়। অপেক্ষমান তালিকা হতে আসন শূন্য থাকা সাপেক্ষে **২৯/১২/২০২৪** খ্রিঃ ও ৩১/১২/২০২৪ খ্রি. তারিখে (সকাল ১০.০০টা থেকে ২.০০টা) ভর্তি করা হবে।

৭. **শিক্ষার্থীর বয়সঃ** বয়স প্রমাণের জন্য অনলাইন জন্ম নিবন্ধন সনদের ফটোকপি ও অনলাইন জন্ম নিবন্ধন সনদের ভেরিফাই কপি জমা দিতে হবে।

৮. **তথ্য পরিবর্তন করে একাধিকবার আবেদন করে থাকলে ডিজিটাল লটারিতে তার ভর্তি নির্বাচন বাতিল বলে গন্য হবে।**

*** টিসি, জন্ম নিবন্ধন সনদ ও পিতা, মাতার জাতীয় পরিচয় পত্রের সকল তথ্যাদি একই রকম হতে হবে।**

**২০২৫ শিক্ষাবর্ষে বিভিন্ন শ্রেণীর জন্য শ্রেণিভিত্তিক শিক্ষা ফি নিম্নরূপঃ (জানুয়ারি ২০২৫ থেকে জুন ২০২৫ পর্যন্ত ৬ মাস)**

| ক্রমিক নং | হিসাবের খাত | ৫ম শ্রেণি | ৬ষ্ঠ শ্রেণি |
|---|---|---|---|
| ১ | সর্বমোট সেশন ফি | ১,০২০/- | ১০৫০/- |
| ২ | কম্পিউটার (৬ মাস) | ১২০/- | ১২০/- |
| ৩ | অত্যাবশ্যকীয় কর্মচারী (৬ মাস) | ২১০/- | ২১০/- |
| ৪ | টিফিন ফি (৬ মাস) | ৬০০/- | ৬০০/- |
| ৫ | বেতন (৬ মাস) | - | ৬০/- |
| ৬ | ভর্তি ফি (নতুন ভর্তির ক্ষেত্রে) | ৬/- | ১০/- |
| | সর্বমোট = | ১,৯৫৬/- | ২,০৫০/- |

শর্তাবলি: টিফিন,কম্পিউটার, অত্যাবশ্যকীয় কর্মচারী ও মাসিক বেতন প্রতি ছয় মাস অন্তর নির্ধারিত তারিখে পরিশোধ করতে হবে।

১৮/১২/২০২৪
(মেহেরুন নেছা)
প্রধান শিক্ষক
নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়,
নোয়াখালী।